

**২য় অনুরোধ পত্র**

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা  
[www.tmed.gov.bd](http://www.tmed.gov.bd)

নং-৫৭.০০.০০০০.০৪৬.০১.১০৪.১৭-১৫

তারিখ: ০৭ মাঘ, ১৪২৬ ব.  
২১ জানুয়ারি, ২০২০ খ্রি.

বিষয়: পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলাধীন কালাদিগঞ্জ সিনিয়র ফাজিল মাদ্রাসাটি পরিদর্শন প্রতিবেদনের দফাওয়ারী ব্রডশীট জবাব  
টিএমইডি-তে প্রেরণ।

সূত্র: টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৪৬.০১.১০৪.১৭-২১১, তারিখ: ১২.১২.২০১৭ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের আলোকে জানানো যাচ্ছে যে, পঞ্চগড় জেলার তেঁতুলিয়া উপজেলাধীন কালাদিগঞ্জ সিনিয়র ফাজিল মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর কর্তৃক গত ২৬/০৯/২০১০ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা করা হয়। উক্ত পরিদর্শন প্রতিবেদনের আলোকে প্রতিষ্ঠান প্রধান সরাসরি ব্রডশীট জবাবের একটি ফটোকপি ০৫/০৭/২০১১ তারিখে অত্র বিভাগে দাখিল করেন। পরবর্তীতে উক্ত মাদ্রাসার সহকারী সিনিয়র মৌলভী শিক্ষক সরাসরি এ বিভাগে আরো একটি আবেদন করেন, যাহা কাম্য নয়। ব্রডশীট জবাব প্রতিষ্ঠান প্রধান, সভাপতি ও মহাপরিচালকের মতামতসহ পরিপূর্ণ ব্রডশীট জবাব ডিজি, ডিএমই এর মাধ্যমে টিএমইডি-তে প্রেরণের জন্য অধ্যক্ষ-কে পত্র প্রেরণ করা হয়।

০২. উক্ত পত্রটি ১২.১২.২০১৭ খ্রি. তারিখে অধ্যক্ষের বরাবর প্রেরণ করা হলেও অদ্যাবধি অত্র বিভাগে পরিপূর্ণ ব্রডশীট জবাব পাওয়া যায়নি যা সুস্পষ্ট দায়িত্বে অবহেলার সামিল।

০৩. এমতাবস্থায়, মন্ত্রণালয়ের তথা টিএমইডি এর নির্দেশনা অনুযায়ী বিএসআর না পাঠানোর কারণ ব্যাখ্যাসহ আগামী ০৫.০২.২০২০ খ্রি. তারিখের মধ্যে পুনরায় পরিপূর্ণ ব্রডশীট জবাব টিএমইডি-তে আবশ্যিকভাবে প্রেরণ নিশ্চিত করার জন্য ২য় বারের মতো মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মো: আ: খালেক মিঞা  
সিনিয়র সহকারী সচিব (আইন)  
ফোন : ৯৫৭৫২৭২

মহাপরিচালক,  
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর,  
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড,  
রমনা, ঢাকা।

**অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):**

০১. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩/৩৭/৩/এ, ইন্সটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।
০২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৩. সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৪. অধ্যক্ষ, কালাদিগঞ্জ সিনিয়র ফাজিল মাদ্রাসা, উপজেলা: তেঁতুলিয়া, জেলা: পঞ্চগড়।
০৫. অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ০৭-০৮. অফিস কপি/ মাষ্টার কপি।